



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯

ই-মেইলঃ-dgmsme@krishibank.org.bd

## ক্রেন্ডিট বিভাগ

প্রকা/ক্রেন্ডিট/শাখা-৪-এসএমই-৭(৮)/করোনা/২০২১-২২/ ২৬০০ (১২৫০)

তারিখঃ ২৯/০৫/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয়মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজের (২য় পর্যায়) বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। নভেল করোনা ভাইরাস (COVID-19) থেকে উদ্ভূত 'বৈশ্বিক মহামারি'র বিরূপ প্রভাব মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরাসরি তত্ত্বাবধান এবং দিকনির্দেশনায় দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড ও ব্যবসায় পরিবেশ পুনরুজ্জীবিতকরণ এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে কৃটির শিল্পসহ ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান গুলোকে (সিএমএসএমই) স্বল্প সুদে ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে ২০ হাজার কোটি টাকার একটি আর্থিক প্রণোদনা প্যাকেজ ঘোষিত হয়। তিনটি Phase এ বাস্তবায়নযোগ্য সিএমএসএমই প্রণোদনা প্যাকেজ সরকার কর্তৃক ঘোষিত সকল প্যাকেজগুলোর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ। এখানে প্রতিটি বিদ্যমান গ্রাহকদের পাশাপাশি নতুন নতুন গ্রাহকদেরকে ঋণ দেয়ার নির্দেশনা রয়েছে। সুষ্ঠুভাবে এ আর্থিক প্রণোদনা প্যাকেজ বাস্তবায়ন করা গেলে কোভিড-১৯ প্রাদুর্ভাব সত্ত্বেও দেশের অর্থনৈতিক কার্যক্রমে গতিশীলতা বজায় থাকবে।

০৩। আলোচ্য প্রণোদনা প্যাকেজের আওতায় দ্বিতীয় পর্যায়ে অত্র ব্যাংকের বরাদ্দপ্রাপ্ত ২০০.০০ কোটি টাকা লক্ষ্যমাত্রার শতভাগ বাস্তবায়নের নিমিত্ত মাঠ কার্যালয়সমূহকে বিভিন্ন সময়ে নির্দেশনা দেয়া হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ২৬/০৫/২০২২ তারিখ পর্যন্ত বিভাগওয়ারী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ :

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগীয় কার্যালয়	সিএমএসএমই(কোভিড-১৯) প্রণোদনা প্যাকেজের দ্বিতীয় পর্যায় (অর্থবছর:২০২১-২০২২)			২৬/০৫/২০২২ তিস্তিক আনুপাতিক লক্ষ্যমাত্রা	২৬/০৫/২০২২ তিস্তিক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন (কম/বেশী)
		লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের হার		
১	ঢাকা	৪২.০০	৩২.৩৫	৭৭.০৩%	৩৭.৯৭	-৫.৬২
২	ময়মনসিংহ	২২.০০	১৮.৩৬	৮৩.৪৭%	১৯.৮৯	-১.৫৩
৩	চট্টগ্রাম	২৫.০০	২১.৬৯	৮৬.৭৪%	২২.৬০	-০.৯১
৪	খুলনা	১৫.০০	১২.৬৯	৮৪.৬২%	১৩.৫৬	-০.৮৭
৫	বরিশাল	১০.০০	৯.১২	৯১.২৫%	৯.০৪	০.০৮
৬	সিলেট	১৫.০০	১৩.২১	৮৮.০৪%	১৩.৫৬	-০.৩৫
৭	কুমিল্লা	৩৫.০০	৩১.৭১	৯০.৫৯%	৩১.৬৪	০.০৭
৮	ফরিদপুর	১৫.০০	১৪.০৯	৯৩.৯৩%	১৩.৫৬	০.৫৩
৯	কুষ্টিয়া	২০.০০	১৭.৬৮	৮৮.৩৯%	১৮.০৮	-০.৪০
১০	এলাপিও	১.০০	০.১১	১১.০০%	০.৯০	-০.৭৯
মোট		২০০.০০	১৭১.০১	৮৫.৫০%	১৮০.৮২	-৯.৮১

- উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় বরিশাল, কুমিল্লা ও ফরিদপুর বিভাগ ব্যতীত অন্যান্য বিভাগীয় কার্যালয়সমূহের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি, যা খুবই হতাশাব্যাঞ্জক। বিভাগীয় কার্যালয়, ঢাকা আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে সবচেয়ে পিছিয়ে আছে।
- নভেল করোনা ভাইরাস (COVID-19) মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত সিএমএসএমই খাতের প্রণোদনা প্যাকেজের আওতায় প্রদত্ত ২০২০-২০২১ অর্থবছরের ঋণ/বিনিয়োগ লক্ষ্যমাত্রার শতভাগ বাস্তবায়ন করায় বাংলাদেশ কৃষি ব্যাংক কে বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে প্রশংসাপত্র প্রদান করা হয়েছে। চলতি ২০২১-২০২২ অর্থবছরে সকলের সম্মিলিত প্রচেষ্টায় সিএমএসএমই (CMSME) প্রণোদনা প্যাকেজের আওতায় ২য় পর্যায়ের লক্ষ্যমাত্রা ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।


চলমান পাতা-০২

বিষয় : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই(CMSME) খাতের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজের (২য় পর্যায়) বাস্তবায়ন প্রসঙ্গে।

০৪। এমতাবস্থায়, ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক অত্র ব্যাংকের ভাবমূর্তি সমৃদ্ধকরণ রাখতে এসএমইএসপিডি সার্কুলার নং-০৯/২০২১ তারিখঃ ০৯/০৯/২০২১ এ প্রদত্ত, অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক চলতি ২০২১-২০২২ অর্থবছরে সিএমএসএমই (CMSME) প্রণোদনা প্যাকেজের আওতায় ২য় পর্যায়ের লক্ষ্যমাত্রা আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে শতভাগ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত


  
(মোহাম্মদ মঈনুল ইসলাম)  
উপমহাব্যবস্থাপক  
ফোন : ০২২২৩৩-৮৮৯৪৯

প্রকা/ক্রয়বিঃ/শাখা-৪-এসএমই-৭(৮)/করোনা/২০২১-২২/ ২৩২২ (৩২৫০)

তারিখঃ ২৯/০৫/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

  
২৯/০৫/২০২২  
(মুহাম্মদ মোশাররফ হোসেন)  
সহকারী মহাব্যবস্থাপক